বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৯৯.০০৪.২১.১০৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮
০৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **কমিশন আয়োজিত চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের 'মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা ২০২১' (Mujib 100 Idea Contest 2021)-এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগামী ১০-১১ ডিসেম্বর ২০২১ তারিখে চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন- **"International Conference on 4th Industrial Revolution and Beyond (IC4IR 2021)"** আয়োজন করতে যাচ্ছে। উক্ত সম্মেলনের মাধ্যমে দেশের উচ্চশিক্ষা, গবেষণা, শিল্প ও প্রযুক্তি ক্ষেত্রে ৪র্থ শিল্প বিপ্লব ও তদপরবর্তী বিশ্ব প্রেক্ষাপট উপযোগী সুপারিশমালা গৃহীত হবে।

এ সম্মেলনের সাথে আয়োজিত হতে যাচ্ছে উদ্ভাবনী ধারণা নিয়ে **'মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা ২০২১'** (Mujib 100 Idea Contest 2021)-যেখানে বিশ্ববিদ্যালয়ের **শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণ** অংশগ্রহণ করতে পারবে। আগ্রহী প্রতিযোগিগণ https://www.bn.ic4irb.org/mujib100ideas/ ওয়েবসাইটে গিয়ে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে নির্ধারিত ফরমেটে তাদের আইডিয়া প্রদান করতে পারবে।

উল্লেখ্য যে, এ প্রতিযোগিতায় মোট ১০টি ক্ষেত্রে (শিক্ষা, কর্মসংস্থান, ব্যাংকিং ও আর্থিক, ই-গভর্নেন্স, পরিবেশ, কৃষি, স্বাস্থ্যসেবা, রিটেইল ও ই-কমার্স, পরিবহন ও পর্যটন এবং স্মার্ট শহর ও গ্রাম) সমস্যা চিহ্নিত করে তার সমাধানে উদ্ভাবনী ধারণা ভবিষ্যৎ ন্যুনতম টেকসই পণ্য (MVP) PR/FAQ ফরমেটে প্রদান করতে হবে। এই প্রতিযোগিতার মোট প্রাইজমানি ১ কোটি ২০ লক্ষ টাকা - যেখানে চূড়ান্তভাবে মনোনীত ১০০ টি আইডিয়ার মধ্য থেকে ১০টি আইডিয়া বাংলাদেশ আইসিটি মন্ত্রনালয়ের তত্ত্বাবধানে ইনকুবেশন করে স্টার্ট-আপ প্রতিষ্ঠা করতে সহায়তা করা হবে।

এ সম্পর্কিত যে কোন যোগাযোগ করার জন্য mujib100ideas@ugc.gov.bd ই-মেইল অথবা https://www.bn.ic4irb.org/mujib100ideas/ ওয়েবসাইটে এবং ফেইসবুক আপডেটের জন্য https://www.facebook.com/mujib100ideas/-এ সংযুক্ত হতে অনুরোধ করা হচ্ছে।

এই পত্র ও সংযুক্ত পোস্টার নোটিশ আকারে আপনার বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটের **শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণের মাঝে সহজ প্রদর্শন ও প্রচারের** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পোস্টার-মুজিব শতবর্ষ আইডিয়া প্রতিযোগিতা

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

৯-৯-২০২১
বিষ্ণু মল্লিক
উপ-পরিচালক, এসপিকিউএ বিভাগ ও জয়েন্ট সেক্রেটারি, অর্গানাইজিং কমিটি
ফোন: ০২-৫৮১৬০২৪১
ইমেইল: bishnu_mallick@yahoo.com

বিতরণ :

১) উপাচার্য, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়

২) উপাচার্য, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

৩) রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়

৪) রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৯৯.০০৪.২১.১০৮/১(৭)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮ / ০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমে নয়):

১) পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)

২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)

৩) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে)

৪) ড. শামীম আল মামুন, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

৫) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৬) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৯-৯-২০২১
বিষ্ণু মল্লিক
উপ-পরিচালক ও জয়েন্ট সেক্রেটারি, অর্গানাইজিং কমিটি